

সমকাল

www.samakal.net

দৈনিক সমকাল, ২০১৭-০৪-১৯, পৃঃ ১৬

শিক্ষা সংবাদ

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে সেমিনার

বাংলাদেশের অভ্যুদয়ের ক্ষেত্রে স্বাধীনতার ঘোষণাপত্র একটি তাৎপর্যপূর্ণ আইনি দলিল। ১৯৭১ সালের ১০ এপ্রিল যার আবির্ভাব হয়। আর এই ঘোষণাপত্রের মাধ্যমে আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশ আন্তর্জাতিক আইনের নিয়ম মেনে বিশ্বের বুকে একটি স্বাধীন ও



সার্বভৌম রাষ্ট্র হিসেবে আবির্ভূত হয়েছিল। ইস্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ল' ক্লাবের উদ্যোগে আয়োজিত সেমিনারে এসব কথা বলা হয়। বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি লাউঞ্জে 'স্বাধীনতার ঘোষণাপত্র : বাংলাদেশের সার্বভৌমত্ব ও অভ্যুদয়' শীর্ষক সেমিনারটি অনুষ্ঠিত হয়। সেমিনারে আলোচক ছিলেন মুক্তিযোদ্ধা ফেরদৌসী প্রিয়ভাষিণী এবং শহীদ বুদ্ধিজীবী সাংবাদিক সিরাজুদ্দীন সন্তান

শাহিন রেজা নূর। সেমিনারে মূল বক্তা ছিলেন ইস্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. তুরিন আফরোজ।